

মেহেরপুর পৌরসভা কার্যালয়  
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ






সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২১/০৬/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৮			
৯			

	নারী করোনার কারণে পরিবার ও সন্তানদের নিয়ে অসহায় ও খাদ্যাভাবে আছে, এমন পরিবারের খবর পেলে তাকে জানানোর অনুরোধ করেন। তিনি এই সমস্ত পরিবারের জন্য সহায়তার ব্যবস্থা করবে।	
বিবিধ	এই কমিটির সদস্য জনাবা মোছাঃ শিউলী খাতুন, কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড (সংরক্ষিত) সভায় বলেন, মেহেরপুর পৌরসভায় নারী ও শিশুদের বিনোদনের জন্য এবং নারীদের ব্যবহারের জন্য গড় পুকুরটি অধুনিক ও বিনোদন কেন্দ্র হিসেবে গড়ে তোলার কথা ছিল কিন্তু আজও কাজ শুরু হয়নি। কি নাগাদ কাজ শুরু হবে তা তিনি জানতে চান ? মেয়র মহোদয় সভায় বলেন, বিভিন্ন কারণে এই কাজটি শুরু হতে একটু দেরী হচ্ছে। তবে আশার কথা যে সমস্ত জটিলতার কারণে এই কাজ বন্ধ ছিল তা অনেকটাই সমাধান হয়েছে। আশা করা যায় আগামী মাসেই গড়পুকুর অধুনিকায়নের কাজ শুরু হবে। এত করে নারীদের এবং শিশুদের বিনোদনের এতদিনের সমস্যা কিছুটা হলেও লাগব হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(হামিদা)

মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড  
ও সভাপতি  
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি  
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।
২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়  
মেহেরপুর।

‘নারী ও শিশু বিষয়ক’ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ২১/০৬/২০২১ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে ‘নারী ও শিশু বিষয়ক’ স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. জেভার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে করোনা কালীন নারী ও শিশুদের জন্য সহায়তা প্রদান প্রসংগে।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০৫/২০২১ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেভার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে করোনা কালীন নারী ও শিশুদের জন্য সহায়তা প্রসংগে	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, বর্তমানে মেহেরপুর পৌরসভায় করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে এবং সরকার ঘোষিত লকডাউনের কারণে দারিদ্র মানুষের অবস্থা বেগতিক। এদের অনেকের আয়ের জায়গা বন্ধ হয়ে গেছে। অনেকেই বাড়িতে ছোট বাচ্চাদের নিয়ে বিপাকে পড়েছেন। এই সমস্ত পরিবারের মাঝে খাদ্য সহায়তা এবং অর্থিক সহায়তা প্রদান জরুরী। সভাপতি মহোদয় এই বিষয়ে মেয়র মহোদয়ের সহায়তা কামনা করেন। মেয়র মহোদয় সভায় বলেন, করোনা ভাইরাসের কারণে যে সমস্ত পরিবার কাজ হারিয়েছেন বা খাদ্য ও অর্থিক সমস্যার মধ্যে রয়েছেন তাদের তালিকা নির্ধারণ করা হচ্ছে। তিনি বলেন বাছাইকৃত এই সমস্ত পরিবারকে তিনি ব্যক্তিগত ভাবে এবং সরকারী বরাদ্দকৃত অর্থ ও খাদ্য হতে সহায়তা করা হচ্ছে। আগামী মাসে ঈদ। এই ঈদকে সামনে রেখেও দারিদ্রদের খাদ্য সহায়তা করা হবে। এছাড়া যে সমস্ত দারিদ্র	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।